



শিশুদের টিকা কেনায় দুর্নীতির অভিযোগে ড. ইউনূসের বিরুদ্ধে দুদকে আবেদন



ড. ইউনূস। ছবি: সংগৃহীত

হামসহ বিভিন্ন রোগের টিকা সংগ্রহে অনিয়ম ও অর্থ আত্মসাতের অভিযোগ তুলে সাবেক অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ও সংশ্লিষ্টদের বিরুদ্ধে তদন্তের আবেদন করা হয়েছে দুর্নীতি দমন কমিশনে (দুদক)।

সোমবার (১৩ এপ্রিল) সুপ্রিম কোর্টের দুই আইনজীবী বিপ্লব কুমার দাশ ও ব্যারিস্টার সানাউল্লাহ নূরে সাগর দুদক চেয়ারম্যানের কাছে এ আবেদন জমা দেন।

আবেদনে দেশে হামের বিস্তার ও শিশু মৃত্যুর ঘটনায় গভীর উদ্বেগ জানানো হয়। এতে বলা হয়, টিকার সংকট এবং সময়মতো টিকাদানে ব্যর্থতার কারণে পরিস্থিতি আরও খারাপ হয়েছে। বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত তথ্য অনুযায়ী, সাম্প্রতিক সময়ে বহু শিশু হামে আক্রান্ত হয়ে মারা গেছে এবং আরও অনেক শিশু ঝুঁকির মধ্যে রয়েছে।

আইনজীবীরা উল্লেখ করেন, টিকা ক্রয়ের পদ্ধতিতে হঠাৎ পরিবর্তন, প্রয়োজনীয় প্রস্তুতির অভাব এবং সময়মতো টিকা ও সিরিঞ্জ সংগ্রহে ব্যর্থতা পরিস্থিতিকে জটিল করেছে। পর্যাপ্ত বাজেট থাকা সত্ত্বেও সঠিক ব্যবস্থাপনার অভাব ছিল বলেও অভিযোগ তোলা হয়।

আবেদনে আরও বলা হয়, টিকা কেনা ও সরবরাহে স্বচ্ছতার ঘাটতি এবং তথ্য গোপনের বিষয়গুলো সম্ভাব্য অনিয়মের ইঙ্গিত দেয়। তাই জনস্বার্থে পুরো বিষয়টি তদন্ত করে দায়ীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আহ্বান জানানো হয়েছে।